



ওয়ালটনে হ্যাকার পদে চাকরির সুযোগ, আবেদন ১১ অক্টোবর পর্যন্ত



ছবি: সংগৃহীত

সাইবার নিরাপত্তা নিয়ে কাজ করতে আগ্রহী পেশাজীবীদের জন্য নিয়োগের সুযোগ দিয়েছে ওয়ালটন হাই-টেক ইন্ডাস্ট্রিজ পিএলসি। প্রতিষ্ঠানের আইটি/সাইবার সিকিউরিটি টিমে ‘এথিক্যাল হ্যাকার’ পদে একজনকে নিয়োগ দেওয়া হবে।

পদটিতে আবেদন করতে হলে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ে বিএসসি ডিগ্রি থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে অন্তত তিন বছরের অভিজ্ঞতার পাশাপাশি OWASP Top 10 ও বিভিন্ন পেনিট্রেশন টেস্টিং টুল ব্যবহারে দক্ষতা প্রয়োজন। নেটওয়ার্ক সিকিউরিটি সম্পর্কেও প্রার্থীর ভালো ধারণা থাকতে হবে।

এ নিয়োগে নারী-পুরুষ উভয়েই আবেদন করতে পারবেন। প্রার্থীর বয়স ন্যূনতম ২৫ বছর হতে হবে। চাকরিটি ফুলটাইম ও অফিসভিত্তিক। কর্মস্থল ঢাকার বসুন্ধরা আবাসিক এলাকায়। বেতন প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী আলোচনার মাধ্যমে নির্ধারণ করা হবে। এর সঙ্গে প্রভিডেন্ট ফান্ড, মোবাইল বিল, পারফরম্যান্স বোনাস, কোম্পানির মুনাফায় অংশীদারিত্ব, দুপুরের খাবার, বার্ষিক ইনক্রিমেন্ট ও দুটি উৎসব বোনাসের সুবিধা রয়েছে।

শনিবার (৩ অক্টোবর) থেকে আবেদন গ্রহণ শুরু হয়েছে। আগ্রহীরা বিডিজবসে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবেন। আবেদন করার শেষ সময় ১১ অক্টোবর ২০২৬।

প্রতিষ্ঠান: ওয়ালটন হাই-টেক ইন্ডাস্ট্রিজ পিএলসি

পদ: এথিক্যাল হ্যাকার

পদসংখ্যা: ১

আবেদনের শেষ সময়: ১১ অক্টোবর ২০২৬